



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-২ অধিশাখা
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৪.০০২.২০.৬০

তারিখ: ২৮ চৈত্র ১৪২৭

১১ এপ্রিল ২০২১

বিষয়: ই-সার্ভিস মনিটরিং কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ সংক্রান্ত।

গত ১৯ জানুয়ারি ২০২১ তারিখ ই-সার্ভিস মনিটরিং কমিটির সভা সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৮ নং অনুচ্ছেদে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৮.১। মন্ত্রণালয়/বিভাগসমূহের ডিজিটাইজডকৃত সেবা বিশেষ করে যে সকল সেবা মাঠপ্রশাসনের সাথে সম্পৃক্ত সে সকল সেবার স্বত্ব, প্রচার ও রক্ষণাবেক্ষণ-এর ব্যবস্থা করতে হবে;

৮.২। মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবাগুলো সহজিকরণের ফলে জনগণ যে ধরনের সুফল পাচ্ছে তার স্ব-মূল্যায়িত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগকে অনতিবিলম্বে প্রেরণ করবে;

৮.৩। মন্ত্রিপরিষদ বিভাগ বেশি জনসম্পৃক্ত সেবা (যেমন: ভূমি, শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি) মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে এবং মন্ত্রণালয়/বিভাগ-এর নাগরিক কেন্দ্রিক সেবাগুলোকে গুরুত্ব প্রদান করে ডিজিটাইজড করার লক্ষ্যে এটুআই-এর সহযোগিতায় কর্মপরিকল্পনা গ্রহণ করবে; এবং

৮.৪। সকল মন্ত্রণালয়/বিভাগ তথ্য বাতায়ন হালনাগাদকরণের লক্ষ্যে সকল কর্মচারীর দাপ্তরিক অফিস নম্বরসহ সেল নম্বর আপলোড করবে।

০২। এমতাবস্থায়, উপরিলিখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ১৩ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে হার্ডকপি এবং সফটকপি eg_sec2@cabinet.gov.bd –এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-৪-২০২১

লুবনা সিদ্দিকী

উপসচিব

ফোন: ৪৭১১৯৪৯৭

ফ্যাক্স: ৯৫১৩৩০২

সিনিয়র সচিব/সচিব (সকল)

ইমেইল: eg_sec2@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৪.০০২.২০.৬০/১(৩)


তারিখ: ২৮ চৈত্র ১৪২৭

১১ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

- ২) উপসচিব, ই-গভর্নেন্স-১ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ



১১-৪-২০২১
লুবনা সিদ্দিকী
উপসচিব